

ভাপ : রফিক ॥ জিএস : আওলাদ

বাকসু নির্বাচনে ছাত্রলীগের জয়

ময়মনসিংহ, ৩০শে জুন (নিজস্ব কবীর, সাহিত্য সম্পাদক সৈয়দ
সংবাদদাতার ফোন)।—বাংলাদেশ মোহাম্মদ শোয়েব, সাংস্কৃতিক
কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ সম্পাদক মোহাম্মদ গোলাম সারোয়ার
(বাকসু) ও ৯টি হল সংসদের সচিব মিলনায়তন সম্পাদক

নির্বাচনে বাংলাদেশ ছাত্রলীগ (হা-অ)
নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে।
বাকসুর ১৭টি আসনের মধ্যে ১৬টি
ছাত্রলীগ (হা-অ) এবং ১টি আসন ৯
দলীয় মোর্চা লাভ করে।

ছাত্রলীগের (হা-অ) এ, কে, এম
আব্দুর রফিক ও মোহাম্মদ আওলাদ
হোসেন যথাক্রমে ভিপি ও জিএস পদে
নির্বাচিত হয়েছেন। এছাড়া ৯টি হল
সংসদে ১৩৫টি আসনের মধ্যে
ছাত্রলীগ (হা-অ) ৯০টি, ৯ দলীয়
মোর্চা ৩৭টি, ছাত্রদল ৩টি, মতজ ২টি
আসন পেয়েছে। সমানসংখ্যক ভোট
পাওয়ার ৩টি আসনে পুনঃনির্বাচন
অনুষ্ঠিত হবে। বাকসু নির্বাচনে মোট
ভোটারের সংখ্যা ৩ হাজার ৯শ' ১০।
এর মধ্যে ২ হাজার ৬শ' ২৫জন ভোট
দিয়েছে। ভোটের শতকরা হার ছিল
৬৭-১৪। সকাল ৭টা থেকে দুপুর ১২টা
পর্যন্ত একটানা ভোট গ্রহণ চলে।
শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।
বিকেল ৫টা থেকে শনিবার ভোর ৪টা
পর্যন্ত ভোট গণনা চলে।

নির্বাচিত কর্মকর্তা

সহ-সভাপতি এ, কে, এম আব্দুর
রফিক, সাধারণ সম্পাদক মোহাম্মদ
আওলাদ হোসেন, যুগ্ম সম্পাদক
আশরাফুল্লাহ জুইয়া, জীভা সম্পাদক
মোহাম্মদ আবুল কালাম আজাদ,
বার্ষিকী সম্পাদক মোহাম্মদ হুমায়ুন



ভিপি: আব্দুর রফিক



জিএস: আওলাদ হোসেন

সৈয়দ জামান কবীর, মিলনায়তন
(৭-এর পাতায় দেখুন)

ছাত্রলীগের জয়

(১ম পাতার পর)

সম্পাদিকা হাসমত আরা চৌধুরী,
সমাজ কল্যাণ সম্পাদক উৎপল কুমার
সাহা এবং সদস্য: গান্ধী
রফিকুজামান, মোহাম্মদ আসাদু-
জামান, মোহাম্মদ জিয়াউল আহসান
চৌধুরী, মোহাম্মদ শাহাবুদ্দিন,
মোহাম্মদ সাহেদুল আলম খন্দকার
ও মোহাম্মদ সাইদুর রহমান।
বাকসুতে ৯দলীয় মোর্চার সহ-জীভা
সম্পাদক পদে মঞ্জুর্হাই নির্বাচিত
হয়েছে।

হল সংসদ

৯টি হল ভিপি পদে ছাত্রলীগ
(হা-অ) ৬টি, ৯দলীয় মোর্চা ২টি এবং
একমাত্র ছাত্রীবাসে ভিপি পদে
সমানসংখ্যক ভোট পাওয়ার
পুনঃনির্বাচন অনুষ্ঠিত হবে। জি এস
পদে ছাত্রলীগ (হা-অ) ৬টি ও ৯দলীয়
মোর্চা ৩টি আসন লাভ করে।
শাহজালাল হলে মোহাম্মদ নূরুল
কাশেম ভিপি ও আবুল কালাম আজাদ
জিএস ছাত্রলীগ (হা-অ), শহীদ
শামসুল হক হলে রফিকুল ইসলাম
রফিক ভিপি ও মাজহারুল হক
খোকন জি, এস, ছাত্রলীগ (হা-অ),
সোহরাওয়ার্দী হলে আনিসুর রহমান
আনিস ভিপি ও আবুল বাশার
মোহাম্মদ কামাল জিএস ছাত্রলীগ
(হা-অ), ফজলুল হক হলে মোহাম্মদ
নিরাজ উদ্দিন পাশা ভিপি ও মোহাম্মদ
মোজাম্মেল হক জিএস ছাত্রলীগ (হা-
অ), আশরাফুল হক হলে শাহজাহান
খান ভিপি ও শওকত আলী জিএস
ছাত্রলীগ (হা-অ), শহীদ নাজমুল
আহসান হলে তোফাজ্জল ইসলাম ভিপি
ও সৌমেন্দ্র নাথ সাহা জিএস (৯
দলীয় মোর্চা), ইসা খী হলে মোহাম্মদ
নজরুল ইসলাম ভিপি ছাত্রলীগ (হা-
অ) ও সেকেন্দর আলী রশ্মী জিএস (৯
দলীয় মোর্চা), শহীদ জামাল হোসেন
হলে শফিকুল ইসলাম শফিক ভিপি (৯
দলীয় মোর্চা) ও নূর মোহাম্মদ নূর
জিএস ছাত্রলীগ (হা-অ), সুলতানা
রাজিয়া হলে হাসমত আলী ছন্দা
জিএস (৯ দলীয় মোর্চা)।